

ভারসাম্যপূর্ণ হাই স্কুলে ভর্তির আবেদনপত্র কীভাবে তৈরি করতে হয়

প্রিয় পরিবারবর্গ,

আজ আমরা লিখছি একটি ভারসাম্যপূর্ণ হাই স্কুলে ভর্তির আবেদনপত্র তৈরি নিয়ে পাঁচটি পরামর্শ প্রদানের জন্য। আপনার আগ্রহের একটি প্রোগ্রামে আপনার সন্তানের অফার পাওয়ার সবচেয়ে সেরা সুযোগ হচ্ছে একটি ভারসাম্যপূর্ণ আবেদনপত্র জমা দেয়া।

একটি ভারসাম্যপূর্ণ আবেদনপত্রে রয়েছে:

- **পরামর্শ 1. আপনার পছন্দের 12-টি প্রোগ্রাম আপনার সন্তানের আবেদনপত্রে যোগ করুন, এরচেয়ে কম নয়।** আবেদনপত্রে যত বেশি পছন্দ যোগ করবেন, একটি অগ্রাধিকারপ্রাপ্ত পছন্দে একটি অফার পাবার সম্ভাবনা তত বেশি। গত বছর, যারা তাদের আবেদনপত্রে 12-টি প্রোগ্রাম তালিকাভুক্ত করেছিল, তাদের মধ্য থেকে 97% শিক্ষার্থী সেসব প্রোগ্রামের একটি থেকে অফার লাভ করেছে।
- **পরামর্শ 2. আপনার প্রকৃত পছন্দের ক্রমানুসারে আপনার পছন্দগুলোকে আবেদনপত্রে তালিকাবদ্ধ করুন।** এটা সবসময়ই সেরা পছন্দ: প্রথমে আপনার সন্তানকে তার পছন্দের তালিকার প্রথম প্রোগ্রামের জন্যে বিবেচনা করা হবে। যদি তাকে সেখানে অফার দেয়া সম্ভব না হয়, তবে তাকে তার দ্বিতীয় পছন্দের প্রোগ্রামে বিবেচনা করা হবে, যেন সেটাই ছিল তার প্রথম পছন্দ। স্কুলগুলো আপনার সন্তানের প্রথম নাকি দ্বাদশ পছন্দ তা জানতে পারবে না।
- **পরামর্শ 3. প্রোগ্রামের চাহিদার বিষয়টি বিবেচনায় রাখুন।** প্রোগ্রামের চাহিদা আবেদনকারীর সংখ্যার সাথে লভ্য আসন সংখ্যার তুলনা করে নির্ধারিত হয়। উচ্চ চাহিদা সম্পন্ন প্রোগ্রামগুলোতে প্রতিটি আসনের জন্য অন্তত 3 জন আবেদনকারী রয়েছে। আপনি যদি উচ্চ-চাহিদা সম্পন্ন কিছু প্রোগ্রামে আবেদন করেন, সেক্ষেত্রে এমন কিছু প্রোগ্রামে আবেদন করুন যেখানে আসন প্রতি 1 অথবা 2 জন আবেদনকারী রয়েছে। আপনি যেকোনো প্রোগ্রামের মাইস্কুলস্ পেজ-এ সেটার প্রতিটি আসনের জন্য কতজন আবেদনকারী রয়েছে সেটি জেনে নিতে পারেন এবং ভিন্ন স্তরের চাহিদাযুক্ত প্রোগ্রামসমূহ খুঁজতে “Applicants Per Seat” (প্রতি আসনে আবেদনকারীর সংখ্যা) ফিল্টারটি ব্যবহার করতে পারেন।
- **পরামর্শ 4. প্রতিটি প্রোগ্রামে আপনার অগ্রাধিকার বা প্রায়োরিটি গ্রুপ জেনে নিন।** আপনার আবেদন করা প্রোগ্রামগুলোতে যদি একাধিক অগ্রাধিকার গ্রুপ থাকে, তবে এমন কিছু প্রোগ্রামে আবেদন করা নিশ্চিত করুন যেগুলোতে আপনি অগ্রাধিকার বা প্রায়োরিটি গ্রুপ 1-এ আছেন। এছাড়াও, আপনি প্রোগ্রামটির মাইস্কুলস্ পেজ থেকেও এই তথ্য খুঁজে পেতে পারেন।
- **পরামর্শ 5. ভর্তি পদ্ধতিসমূহে ভারসাম্যপূর্ণতা বিবেচনায় রাখুন।** পরিশেষে, আপনি যদি এমন কিছু প্রোগ্রামে আবেদন করেন যেগুলো যাচাইকৃত (স্ক্রিনড) অথবা অডিশন ভর্তি পদ্ধতি ব্যবহার করে, সেক্ষেত্রে এমন কিছু প্রোগ্রামেও আবেদন করার বিষয়টি বিবেচনা করুন যেগুলো উন্মুক্ত অথবা শিক্ষাগত বিকল্প (এড অপ্ট) ভর্তি পদ্ধতি ব্যবহার করে। ভর্তি পদ্ধতি সম্পর্ক আরো জানতে আমাদের ওয়েবসাইট, schools.nyc.gov/HS, -এ "The Four Admissions Factors" (ভর্তিতে চারটি বৈশিষ্ট্য) সেকশনটি দেখুন।

আপনার ভারসাম্যপূর্ণ আবেদনপত্র 1 ডিসেম্বর-এর মধ্যে জমা দিতে ভুলবেন না। আপনি প্রস্তুত হবার সাথে সাথে আপনার আবেদনপত্র জমা দেয়ায় কোনো ক্ষতি নেই। সময়সীমা শেষ হবার আগে যেকোনো সময় আপনি আপনার আবেদনপত্র হালনাগাদ করতে পারেন।

আপনার [মাইস্কুলস্](#) অ্যাকাউন্ট অথবা আপনার আবেদনপত্রে সহায়তা প্রয়োজন? সহায়তা দেয়ার জন্য আমরা আপনার পাশে আছি। আপনার সন্তানের স্কুল কাউন্সিলারের সাথে আলাপ করুন অথবা আমাদেরকে HSEnrollment@schools.nyc.gov ঠিকানায় ইমেইল করুন।

ধন্যবাদ,

হাই স্কুল অ্যাডমিশন্স টিম,
অফিস অভ স্টুডেন্ট এনরোলমেন্ট



এই ইমেইলটি কি আপনার কোনও বন্ধু আপনাকে প্রেরণ (ফরওয়ার্ড) করেছেন? schools.nyc.gov/SignUp -এ, আমাদের হাই স্কুলে ভর্তিতে আগ্রহীদের মেইলিং লিস্টে (ডাক তালিকায়) নামে লেখাতে (বা সাইন আপ করতে) ভুলবেন না।

হাই স্কুলে অ্যাডমিশন্স বিষয়ে ভবিষ্যতে কোনও বার্তা না পেতে চাইলে, তথা আনসাবস্ক্রাইব করতে, অনুগ্রহ করে [এখানে](#) ক্লিক করুন।